


ভিন্ক্রিস্টাইন

বাচ্চা ও পরিবারদের জন্যে তথ্য

২য় সংস্করণ

প্রস্তুতকারকের দ্বারা সরবরাহকৃত কোন রোগী সংক্রান্ত তথ্য প্রচারপত্রের সংযোগে
এই প্রচারপত্র পড়তে হবে।

গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল
ফর চিলড্রেন NHS ট্রাস্ট



ভিনক্রিস্টাইন (Vincristine) কি, সেটা কিভাবে দেওয়া হয় এবং কোন কোন সম্মত পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে এই তথ্যপত্রে ব্যাখ্যা রয়েছে। অতিসাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো ছাড়াও কোন কোন বিরল ও দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়াগুলোরও ব্যাখ্যা এই প্রচারপত্রে রয়েছে।
মেডিসিন বা ঔষধের প্রতি বিভিন্ন ব্যক্তির বিভিন্নভাবে প্রতিক্রিয়া হয়ে থাকে সূতরাং উল্লেখিত প্রত্যেকটি পার্শ্ব প্রতিক্রিয়ায় আপনার বাচ্চা অপরিহার্যভাবে ভূজভোগী নাও হতে পারে। পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আপনার যদি কোন উদ্বেগ থাকে তাহলে তথ্যপত্রে উল্লেখিত কোন একটি যোগাযোগ নম্বরে ফোন করুন ও আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্টের সঙ্গে আলোচনা করুন।

ভিনক্রিস্টাইন কি?

ভিনক্রিস্টাইন হলো এক ধরনের মেডিসিন (ঔষধ) যা লুকীমিয়া এবং কোন কোন ঘন টিউমার-এর চিকিৎসার জন্যে ব্যবহার করা হয়। অন্যান্য অবস্থার চিকিৎসার জন্যেও এই মেডিসিন ব্যবহার করা হয়।

সেটা কিভাবে দেওয়া হয়?

কোন কেনিউলা, কেন্দ্রীয় ভেনাস অ্যাক্সেস ডেভাইস, ইমপ্ল্যান্টেবল পোর্ট অথবা PICC লাইনের মাধ্যমে শিরাতে (ইন্ট্রাভেনাসলী অথবা IV) ধীরগতির বা স্লো ইনজেকশন হিসেবে সেটা দেওয়া হয়ে থাকে।

পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কি কি?

কোষ্ঠকাঠিন্য: আপনার বাচ্চা হয়তো কোষ্ঠবদ্ধ (কনস্টিপেটেড) হয়ে যেতে পারে। অধিক পরিমাণ পানীয় পান ও উচ্চমানসম্পন্ন ডায়েট বা খাবার খাওয়ার ফলে সেটাতে সাধারণভাবে সাহায্য-সহায়তা হয়ে থাকে। আপনার বাচ্চার বাউঅ্যাল (অন্ত)-এর কার্যকলাপকে উদ্দীপিত করার জন্যে আপনার ডাক্তার কোন কোন সময় গুরুত্ব দিতে পারে।

অনুভূতিশূন্যতা, শিহরণ অথবা ব্যথা এবং যন্ত্রণা: আপনার বাচ্চার নার্ভাস সিস্টেম (যায়তন্ত্র)-এ ভিন্নক্রিস্টাইনে প্রভাব ফেলার কারণে এসব ঘটতে পারে। আপনার বাচ্চা তার পায়ে ব্যথা ও যন্ত্রণার অভিযোগ হয়তো করতে পারে। যদি আপনার বাচ্চার ব্যথা ও যন্ত্রণা থাকে তাহলে পরামর্শের জন্যে আপনার ডাক্তার অথবা নার্সকে জিজ্ঞাসা করুন।

আপনার বাচ্চার যদি হাঁটার সমস্যা, যেমন, পাটিপে টিপে হাঁটা, চপেটাঘাতে পা ফেলা অথবা ভারসাম্যের সমস্যা থাকে তাহলে আপনার ডাক্তারকে অনুগ্রহ করে বলুন। আপনার বাচ্চার হয়তো ফিজিওথেরাপিস্টের সঙ্গে দেখা-সাক্ষাত করার প্রয়োজন হতে পারে। ভিন্নক্রিস্টাইনের ভবিষ্যত ডোস বা মাত্রা হয়তো কমানো হতে পারে। পার্শ্ব প্রতিক্রিয়া সাময়িক হয়ে থাকে এবং চিকিৎসা শেষ হওয়ার কয়েক মাসের মধ্যেই ধীরে ধীরে সেগুলো শরীর থেকে অদ্ভ্য হয়ে যাবে।

কোন কোন কমবয়স্ক বালক-বালিকার বেলায় ভিন্নক্রিস্টাইন ব্যবহারের কারণে কারো কারো আইলিড (চোখের পাতা) কিছুটা নীচে নেমে যেতে পারে। সেটা আবারো নার্ভাস সিস্টেমে প্রভাব ফেলার জন্যেই হয়ে থাকে।

চোয়ালের ব্যথা: কোন কোন সময়

ভিন্নক্রিস্টাইনের কারণে চোয়াল (জ্য)-এ ব্যথা অথবা গিলতে সমস্যা হয়ে থাকে। মুখমণ্ডলের পাশে দিয়ে চলার কারণে ক্রানিয়েল নার্ডে ভিন্নক্রিস্টাইনে প্রভাব ফেলে থাকে। এই প্রভাবসমূহ সাময়িক ও একবার যখন চিকিৎসা শেষ হয় তখন ধীরে ধীরে সেগুলো চলে যায়। আপনার বাচ্চার যদি চোয়ালে ব্যথা থাকে তাহলে অনুগ্রহ করে আপনার ডাক্তার অথবা নার্সকে পরামর্শের জন্যে অনুরোধ করুন।

চুল পড়া: আপনার বাচ্চার কিছু পরিমাণ অথবা সমস্ত চুলই তার পড়ে যেতে পাবে অথবা চুল পাতলা হয়ে যেতে পারে। সেটা সাময়িক ও চিকিৎসা শেষ হওয়া পর আবার তার চুল জন্মাবে।

মুখের স্বাদের সাময়িক পরিবর্তন: আপনার বাচ্চা যখন তার প্রিয় খাবার খাবে তখন তার জন্যে হয়তো ভিন্ন ধরনের স্বাদ অনুভব হওয়ার সম্ভাবনা থাকে। এ ব্যাপারে কোন সুষ্ঠু উপায় বের করার জন্যে আপনার ডায়েটিশিয়ান হয়তো সহায়তা করতে পারবে।

প্রস্তাব অথবা প্রস্তাব আটকে থাকায় অস্থিতি: আপনার বাচ্চা প্রস্তাব করতে হয়তো ব্যথা অথবা অস্থিতি অনুভব করতে পারে অথবা প্রস্তাব করতে তার সমস্যা হতে পারে। যদি এ রকম হয়ে থাকে তাহলে অনুগ্রহ করে আপনার ডাক্তার অথবা নার্সকে জিজ্ঞাসা করুন।

গুরুত্বপূর্ণ তথ্য যা আপনার জানা উচিত

- আপনার বাচ্চার হৃকের নিচের টিসু
(কোষসমষ্টি)-তে যদি ভিলক্রিস্টাইন লিক্ বা
ফুটা ফুটা পড়ে তাহলে সে স্থানের টিসুর ক্ষতি
হতে পারে।
- যদি কোন কেনিউলার মাধ্যমে এই ড্রাগ
দেওয়া হয়ে থাকে আর আপনার বাচ্চা
কেনিউলার চারপাশে যন্ত্রণা ও জ্বালাপোড়া
অনুভব করে তাহলে অতি শীঘ্ৰই অনুগ্রহ করে
আপনার ডাক্তার বা নার্সকে জানিয়ে দিন।
- যদি কেন্দ্ৰীয় ভেনাস অ্যাক্সেস ডেভাইস অথবা
ইমপ্ল্যান্টেবল পোর্টের মাধ্যমে কোন ড্রাগ দেওয়া হয়ে
থাকে এবং আপনার বাচ্চা বুক অথবা ঘাড়ের চারদিকে
বেদনা-যন্ত্রণার অভিযোগ করে তাহলে তৎক্ষণাত
আপনার ডাক্তার অথবা নার্সকে অনুগ্রহ করে জানিয়ে
দিন।

সংক্ষিপ্ত ব্যাখ্যা

@ GOSH ট্রাস্ট মার্চ 2007

সূত্র: 2006F198

চাইল্ড অ্যান্ড ফ্যামিলি ইনফৱৰেশন গ্রুপের

সহযোগিতায় ফার্মাসী ডিপার্টমেন্ট দ্বারা সংকলিত।

গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল ফর চিল্ড্রেন NHS ট্রাস্ট

Great Ormond Street

London WC1N 3JH

ওয়েবসাইট: www.goshfamilies.nhs.uk www.childrenfirst.nhs.uk